

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর  
উপজেলা কার্যালয়  
ভালুকা, ময়মনসিংহ  
doict.bhaluka.mymensingh.gov.b  
d

উপজেলার আইসিটি কমিটির ডিসেম্বর/২০২৫ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

সভাপতি	মোঃ ফিরোজ হোসেন উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা আইসিটি কমিটি ভালুকা, ময়মনসিংহ।
সভার তারিখ	২২ ডিসেম্বর ২০২৫ খ্রি.
সভার সময়	দুপুর ১২:৩০ টায়
স্থান	উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ
উপস্থিতি	পরিশিষ্ট 'ক'

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে ডিসেম্বর/২০২৫ মাসের উপজেলার আইসিটি কমিটির সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি সভার আলোচ্যসূচি অনুযায়ী সদস্য সচিব কে উপজেলার আইসিটি বিষয়ক কমিটির সভার কার্যক্রম পরিচালনা করার জন্য অনুরোধ করেন। পরবর্তীতে, সদস্য সচিব উপজেলার আইসিটি বিষয়ক কমিটির মাসিক সভার কার্যক্রম উপস্থাপন করেন।

২. অতঃপর সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত বিষয়ে সিদ্ধান্ত/সুপারিশ গৃহীত হয়:

ক্রম. নং	আলোচ্যসূচি	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নে
২.১	উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদকরণ	সভায় উপজেলা আইসিটি অফিসার, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে সকল সরকারি অফিসের ওয়েব পোর্টাল হালনাগাদকরণ সংক্রান্ত প্রতিবেদনের অবস্থানসহ হালনাগাদের সরকারি অফিসের রিপোর্ট সভায় উপস্থাপন করেন।  এছাড়া, উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে জাতীয় তথ্য বাতায়ন শতভাগ হালনাগাদ করার বিষয়েও সভায় আলোচনা করেন।  অতঃপর সভাপতি মহোদয় নাগরিক সেবায় জাতীয় তথ্য বাতায়ন নিয়মিত হালনাগাদের জন্য স্ব স্ব দপ্তর হতে একজন ফোকাল পয়েন্ট ও একজন বিকল্প ফোকাল পয়েন্ট নির্ধারণ করে ওয়েব পোর্টাল হালনাগাদের দায়িত্ব প্রদান করতে হবে মর্মে সকল দপ্তর প্রধানগণকে নির্দেশনা প্রদান করেন।	২.১ (ক) জাতীয় তথ্য বাতায়নে নিজ দপ্তরের ওয়েব পোর্টাল যথাযথভাবে নিয়মিত শতভাগ হালনাগাদ করতে হবে।  ২.১ (খ) নাগরিক সেবায় জাতীয় তথ্য বাতায়ন হালনাগাদকরণের জন্য আদেশের মাধ্যমে স্ব স্ব দপ্তর হতে একজন ফোকাল পয়েন্ট ও একজন বিকল্প ফোকাল পয়েন্ট নির্ধারণ করে হালনাগাদের দায়িত্ব প্রদান করতে হবে।  ২.১ (গ) প্রয়োজনে কর্মকর্তা/কর্মচারীগণের জন্য স্ব স্ব দপ্তর হতে ওয়েব পোর্টাল হালনাগাদ সংক্রান্ত ইনহাউজ প্রশিক্ষণের আয়োজন করতে হবে।	দপ্তর প্রধান (সকল)  ইউপি চেয়ারম্যান/প্রশাসক (সকল)  উপজেলা আইসিটি অফিসার

২.২	ডি-নথি কার্যক্রম বাস্তবায়ন	<p>ডি-নথি সংক্রান্ত এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম হতে প্রাপ্ত নভেম্বর ২০২৫ মাসের তথ্যসমূহ উপজেলা আইসিটি অফিসার, সভায় উপস্থাপন করেন -</p> <p>বর্তমানে ভালুকা উপজেলায় ২২ টি অফিস ডি-নথি সিস্টেমে লাইভে আছে। উক্ত ২২ টি লাইভ দপ্তরসমূহের মধ্যে এখনো ১১টি দপ্তরের দপ্তর প্রধান কর্মকর্তা এসাইন নাই। নভেম্বর ২০২৫ মাসে মাত্র ৯টি দপ্তর ডি-নথি সিস্টেমে কার্যক্রম/ লগইন করেছেন, আর বাকি ১৩টি দপ্তর ডি-নথি সিস্টেমে লগইন করেনি।</p> <p>উপজেলা পর্যায়ের যে সকল দপ্তরে ই-নথি/ডি-নথি চালু হয়েছে তাদের দপ্তরের সকল দাপ্তরিক পত্র যোগাযোগ ই-নথি/ডি-নথি ব্যবহার করে করার বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। যে সকল দপ্তরে এখনো পর্যন্ত ডি-নথি চালু হয়নি, সেকল দপ্তরে দ্রুত ডি-নথি চালুর ব্যবস্থা করতে হবে। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম এর গত ২১ জুলাই ২০২৫ খ্রিস্টাব্দ তারিখের স্মারক নং ৫৬.৮৩.০০০০.০০০.০১৩.৯৯.০০১৫.২২.১১০০২৮ এর মাধ্যমে উপজেলা পর্যায়ে ডি-নথি ব্যবহারকারী সকল দপ্তরের কর্মকর্তা কর্মচারীদের বদলি, পদায়ন ও অবসর গ্রহণসহ বিভিন্ন কারণে ডি-নথি সিস্টেম থেকে রিলিজ ও এসাইনের দায়িত্ব তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের উপজেলা কার্যালয়ের দায়িত্ব প্রাপ্ত কর্মকর্তাগণকে প্রদান করা হয়েছে। তাই উপজেলা পর্যায়ের দপ্তর এ কোন কর্মকর্তা-কর্মচারী যোগদান, বদলি ও অবসর গ্রহণ করলে তা উপজেলা আইসিটি অফিসারকে অবহিত করার বিষয়ে সভায় আলোচনা করা হয়।</p> <p>এছাড়া, ডি-নথি সিস্টেমে দাপ্তরিক কার্যক্রমের গতি আনয়নে প্রয়োজনে কর্মকর্তা/ কর্মচারীগণের জন্য স্ব স্ব দপ্তর ইনহাউজ প্রশিক্ষণের আয়োজন করা যেতে পারে মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>২.২ (ক) উপজেলা পর্যায়ের দপ্তর প্রধানগণ দাপ্তরিক চিঠিপত্র ডি-নথিতে উপস্থাপনের বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন।</p> <p>২.২ (খ) ডি-নথি সিস্টেমে দাপ্তরিক কার্যক্রমের গতি আনয়নে প্রয়োজনে কর্মকর্তা/ কর্মচারীগণের জন্য স্ব স্ব দপ্তর ইনহাউজ প্রশিক্ষণের আয়োজন করতে হবে।</p> <p>২.২ (গ) ডি-নথি সিস্টেমে কর্মকর্তাকে রিলিজ ও এসাইনের বিষয়ে যথাযথ প্রমাণকসহ তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের উপজেলা কার্যালয়ে অবহিত করতে হবে।</p>	দপ্তর প্রধান (সকল)  উপজেলা আইসিটি অফিসার
২.৩	শিক্ষায় আইসিটির ব্যবহার বৃদ্ধি সংক্রান্ত	<p>তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের প্রকল্পের মাধ্যমে ভালুকা উপজেলার ০১টি প্রতিষ্ঠানে আইসিটিডি স্কুল অব ফিউচারসহ ৩১টি প্রতিষ্ঠানে আইসিটিডি ডিজিটাল ল্যাব স্থাপন করা হয়েছে। শিক্ষা মন্ত্রণালয়ের প্রকল্পের মাধ্যমে ১৭টি প্রতিষ্ঠানে মাল্টিমিডিয়া ক্লাসরুম ও ০৮টি প্রতিষ্ঠানে আইসিটি ল্যাব এবং ০১ টি প্রতিষ্ঠানে আইএলসি ল্যাব স্থাপন করা হয়েছে। এছাড়া এই উপজেলায় ০১টি কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে। ০১টি শিক্ষা প্রতিষ্ঠানে আইওটি বেসিকস ট্রেড চালু রয়েছে। কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, আইসিটিডি ডিজিটাল ল্যাব, আইসিটিডি স্কুল অব ফিউচার, রোবটিক্স কর্নার, আইএলসি ল্যাব, অন্যান্য কম্পিউটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসরুম নিয়মিত পরিদর্শন করার মাধ্যমে শিক্ষায় আইসিটির ব্যবহার বৃদ্ধি জোরদার করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।</p>	<p>২.৩ কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান, আইসিটিডি ডিজিটাল ল্যাব, আইসিটিডি স্কুল অব ফিউচার, রোবটিক্স কর্নার, আইএলসি ল্যাব, অন্যান্য কম্পিউটার ল্যাব ও মাল্টিমিডিয়া ক্লাসরুম নিয়মিত পরিদর্শন করার মাধ্যমে শিক্ষায় আইসিটির ব্যবহার বৃদ্ধি করতে হবে।</p>	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার ও উপজেলা আইসিটি অফিসার

২.৪	বিবিধ	<p><b>২.৪ (ক-খ) 'উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র':</b></p> <p>২.৪ (ক) সভায় উপজেলা আইসিটি অফিসার জানান যে, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগের অধীন তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ডিজিটাল সংযোগ স্থাপন প্রকল্পের আওতায় ময়মনসিংহের ভালুকা উপজেলায় 'উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্রের' নির্মাণ কাজ শেষ পর্যায় রয়েছে।</p> <p>গত ০৩ সেপ্টেম্বর ২০২৫ তারিখে ইডিসি প্রকল্পের নির্দেশনা মোতাবেক উক্ত 'উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র' এ 'নেট মিটারিং' পদ্ধতিতে নতুন বৈদ্যুতিক সংযোগ থ্রি- ফেজ (20KW load) থেকে কমিয়ে থ্রি- ফেজ (10KW load) এ পরিবর্তন করে গত 'নেট মিটারিং' আবেদন ফরম ও সকল চাহিত ডকুমেন্টসহ নির্বাহী প্রকৌশলী, বিক্রয় ও বিতরণ বিভাগ, বিউবো, ভালুকা, ময়মনসিংহ কে পত্র প্রেরণ করা স্বত্তেও ডিসেম্বর ২০২৫ মাসে 10KW load না কমিয়ে 20KW load এর নতুন বৈদ্যুতিক সংযোগ দেয়া হয়েছে।</p> <p>তাই, প্রকল্পের নির্দেশনা মোতাবেক দ্রুত (20KW load) থেকে কমিয়ে থ্রি- ফেজ (10KW load) এ পরিবর্তন করা প্রয়োজন এবং 'নেট মিটারিং' সংযোগও সম্পন্ন করতে হবে।</p> <p>সভাপতি মহোদয় ইডিসি প্রকল্পের নির্দেশনা মোতাবেক উক্ত 'উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র' এ বৈদ্যুতিক সংযোগ থ্রি- ফেজ (20KW load) থেকে কমিয়ে থ্রি- ফেজ (10KW load) এ পরিবর্তন করে দ্রুত 'নেট মিটারিং' পদ্ধতিতে বৈদ্যুতিক সংযোগ এর কাজ সম্পন্ন করার জন্য নির্দেশনা প্রদান করেন।</p> <p>২.৪ (খ) ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের আওতায় স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি) এর মাধ্যমে নির্মিত "উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র" এলজিইডি থেকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক গ্রহণ করার লক্ষ্যে ইডিসি প্রকল্পের ৮ম পিএসসি সভায় একটি কমিটি গঠনের সিদ্ধান্ত গৃহীত হয়। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত ২৭/১১/২০২৫ তারিখে সভার সিদ্ধান্ত অনুযায়ী গত ১০ ডিসেম্বর ২০২৫ তারিখে প্রকল্প দপ্তর হতে নিম্নবর্ণিত কর্মকর্তা/পরামর্শকগণকে নিয়ে "উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র" বুকে নেয়ার জন্য কমিটি গঠন করা হয়েছে:</p> <p>১। জেলা আইসিটি অফিসার, ময়মনসিংহ (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের জেলা কার্যালয়);</p> <p>২। জনাব আলমগীর ফারুক চৌধুরী, মেইনটেনেন্স ইঞ্জিনিয়ার (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, প্রধান কার্যালয়);</p> <p>৩। জনাব মোঃ আব্দুল্লাহ আল মামুন, সিভিল ইঞ্জিনিয়ার (ইডিসি প্রকল্প);</p> <p>৪। জনাব আলমগীর কবির, ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার -পাওয়ার, (ইডিসি প্রকল্প);</p>	<p>২.৪ (ক) ইডিসি প্রকল্পের নির্দেশনা মোতাবেক উক্ত 'উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র' এ বৈদ্যুতিক সংযোগ (20KW load) থেকে কমিয়ে থ্রি- ফেজ (10KW load) এ পরিবর্তন করে দ্রুত নেট মিটারিংসহ বৈদ্যুতিক সংযোগের ব্যবস্থা গ্রহণ করতে হবে।</p> <p>২.৪ (খ) "উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র" এলজিইডি থেকে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বুকে নেয়ার জন্য প্রকল্পের কমিটি'র প্রজ্ঞাপন অনুযায়ী কমিটি গঠন করে কার্যক্রম গ্রহণ করতে হবে।</p> <p>২.৪ (গ) ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প কর্তৃক প্রতিষ্ঠানে ইন্টারনেট কানেক্টিভিটি প্রদান এবং প্রতিষ্ঠানসমূহে স্থাপিত কানেক্টিভিটির মাধ্যমে গ্রাহক পর্যায়ে নিরবচ্ছিন্ন</p>	<p>২.৪ (ক) নির্বাহী প্রকৌশলী বিক্রয় ও বিতরণ বিভাগ, বিউবো, ভালুকা, ময়মনসিংহ</p> <p>উপজেলা প্রকৌশলী</p> <p>উপজেলা আইসিটি অফিসার</p> <p>২.৪ (খ)</p> <p>উপজেলা প্রকৌশলী</p> <p>উপজেলা আইসিটি অফিসার</p> <p>ও</p> <p>"উপজেলা সেবা ও তথ্যপ্রযুক্তি প্রশিক্ষণ কেন্দ্র"</p>
-----	-------	---	---	---

	<p>৫। উপজেলা আইসিটি অফিসার, ভালুকা উপজেলা (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তরের উপজেলা কার্যালয়)।</p> <p><b>২.৪ (গ,ঘ) ইডিসি প্রকল্পের মাধ্যমে ইন্টারনেট কানেক্টিভিটি প্রদান:</b>  উপজেলা আইসিটি অফিসার সভায় জানান যে, ভালুকা উপজেলায় সরকারি প্রাথমিক বিদ্যালয়, মাধ্যমিক বিদ্যালয়, কলেজ, কমিউনিটি ক্লিনিক এবং ইউনিয়ন ভূমি অফিসসমূহে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্পের মাধ্যমে ২৯৫টি প্রতিষ্ঠানে ব্রডব্যান্ড ইন্টারনেট কানেক্টিভিটি প্রদান করা হচ্ছে। ইতোমধ্যে ৪৮টি প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগ প্রদান করা হয়েছে। বর্তমানে আরো প্রতিষ্ঠানে ইন্টারনেট সংযোগ প্রদানের কার্যক্রম চলমান রয়েছে।</p> <p>সভাপতি মহোদয় উক্ত কানেক্টিভিটি প্রদান এবং পরবর্তীতে স্থাপিত কানেক্টিভিটির মাধ্যমে গ্রাহক পর্যায়ে নিরবচ্ছিন্ন ইন্টারনেট সেবা প্রদানের বিষয়ে Standard Operating Procedure (SOP) অনুসরণ করতে হবে মর্মে নির্দেশনা প্রদান করেন।</p> <p>সরেজমিন পরিদর্শন ও অনলাইন মনিটরিং এর মাধ্যমে জানা যায়, কিছু প্রতিষ্ঠান ইন্টারনেট বিল পরিশোধ না করায়, ইন্টারনেট সংযোগ নিষ্ক্রিয় রয়েছে। সে সকল প্রতিষ্ঠানকে বিল পরিশোধ করে দ্রুত ইন্টারনেট সংযোগ সক্রিয় করা ও সার্বক্ষণিক সক্রিয় রাখার সিদ্ধান্ত গৃহীত হয়। এছাড়াও সভায় ইন্টারনেট সংযোগ সংক্রান্ত কোনো সমস্যা দেখা দিলে ইন্টারনেট সংযোগ প্রদানকারী ভেন্ডর প্রতিষ্ঠান এডিএন টেলিকম এর প্রতিনিধিদের সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল। যোগাযোগ নম্বর নিম্নরূপ:</p> <p>হেল্পডেস্ক নাম্বার:  +8809610771751  এবং  +8809610771752</p> <p>এছাড়াও যেকোন সমস্যার ক্ষেত্রে উপজেলা আইসিটি অফিসারকে অবহিত করার জন্য অনুরোধ জানানো হয়। সভাপতি মহোদয় ইন্টারনেট বিল বকেয়া থাকার জন্য ইন্টারনেট সংযোগ নিষ্ক্রিয় করার পূর্বে তিন মাস পর্যন্ত অপেক্ষা করার জন্য ভেন্ডর প্রতিষ্ঠানের প্রতি নির্দেশনা প্রদান করেন।</p>	<p>ইন্টারনেট সেবা প্রদানের বিষয়ে Standard Operating Procedure (SOP) অনুসরণ করতে হবে।</p> <p>২.৪ (ঘ) ইন্টারনেট বিল বকেয়া থাকার জন্য ইন্টারনেট সংযোগ নিষ্ক্রিয় করার পূর্বে তিন মাস পর্যন্ত অপেক্ষা করার জন্য ভেন্ডর প্রতিষ্ঠানের প্রতি নির্দেশনা প্রদান করা হল।</p>	<p>বুঝে নেয়ার জন্য গঠিত কমিটি</p> <p>২.৪ (গ ও ঘ) ইন্টারনেট সংযোগ প্রাপ্ত প্রতিষ্ঠানের প্রতিষ্ঠান প্রধান, ভেন্ডর প্রতিষ্ঠান ও উপজেলা আইসিটি অফিসার</p>
--	--	--	--



০৬-০১-২০২৬

মোঃ ফিরোজ হোসেন


উপজেলা নির্বাহী অফিসার ও সভাপতি উপজেলা  
আইসিটি কমিটি ভালুকা, ময়মনসিংহ।

তারিখ: ২২ পৌষ ১৪৩২ বঙ্গাব্দ  
০৬ জানুয়ারি ২০২৬ খ্রিস্টাব্দ

নম্বর: ৫৬.০৪.৬১১৩.০০০.০০১.০৬.০০০১.১৯.২

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

- ১। অতিরিক্ত জেলা প্রশাসক (শিক্ষা ও আইসিটি), শিক্ষা ও আইসিটি, জেলা প্রশাসকের কার্যালয়, ময়মনসিংহ।
- ২। উপপরিচালক, প্রশাসন, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর।
- ৩। জেলা আইসিটি অফিসার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, ময়মনসিংহ।
- ৪। সহকারী কমিশনার (ভূমি), উপজেলা ভূমি অফিস, ভালুকা, ময়মনসিংহ।
- ৫। উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, ভালুকা, ময়মনসিংহ।
- ৬। অধ্যক্ষ, ভালুকা সরকারি কলেজ, ভালুকা, ময়মনসিংহ।
- ৭। অফিসার ইনচার্জ, ভালুকা মডেল থানা।
- ৮। উপজেলা কৃষি অফিসার, উপজেলা কৃষি অফিসারের কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ।
- ৯। সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ।
- ১০। উপজেলা প্রকৌশলী, উপজেলা প্রকৌশলীর কার্যালয়, এলজিইডি, ভালুকা, ময়মনসিংহ।
- ১১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস, ভালুকা, ময়মনসিংহ।
- ১২। উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, উপজেলা শিক্ষা অফিস, ভালুকা, ময়মনসিংহ।
- ১৩। উপজেলা সমাজসেবা অফিসার, উপজেলা সমাজসেবা কার্যালয়, ভালুকা, ময়মনসিংহ।
- ১৪। অধ্যক্ষ, এ্যাপোলো ইন্সটিটিউট অফ কম্পিউটার, ভালুকা, ময়মনসিংহ।
- ১৫। প্রধান শিক্ষক, ভালুকা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়, ভালুকা, ময়মনসিংহ।
- ১৬। প্রধান শিক্ষক, ভালুকা পাইলট উচ্চ বিদ্যালয়, ভালুকা, ময়মনসিংহ।
- ১৭। উপ-সহকারী প্রকৌশলী, উপজেলা বিটিসিএল অফিস, ভালুকা, ময়মনসিংহ।



০৭-০১-২০২৬

ইয়াসমিন আক্তার

উপজেলা আইসিটি অফিসার ও সদস্য সচিব  
উপজেলা আইসিটি কমিটি, ভালুকা, ময়মনসিংহ